



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-২৭ ফেব্রুয়ারী ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. সোমবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। অভিযানকালে চকবাজার থানাধীন কাতালগঞ্জ সড়কে ভেজাল মিশ্রিত ও ভোক্তার জীবন বিপন্নকারী পন্য বিক্রয়ের দায়ে শাহী জমজম হোটেলকে ১০ হাজার টাকা, বাংলা ফুডসকে ১০ হাজার টাকা ও আল আমিন হোটেলকে ১০ হাজার টাকা সহ সর্বমোট ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই অভিযানে নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে নিষিদ্ধ ও ক্ষতিকর দ্রব্য মিশ্রন করে আইসক্রীম তৈরির অপরাধে চান্দগাঁও থানাধীন পশ্চিম ফরিদের পাড়াস্থ মামা আইসবার আইসক্রীম ফ্যাক্টরী সীলগালা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা